

# সেট টেস্ট

## শিক্ষার্থী এবং পরিবারের জন্য পরামর্শ



শিক্ষার্থীরা ক্লাসওয়ার্ক, প্রজেক্ট, এবং কুইজ সহ কতটুকু শিখছে তা নির্ণয় করার জন্য আপনার সন্তানের স্কুলের বিভিন্ন পন্থা আছে। যে সেট টেস্টগুলো শীঘ্রই আসছে সেগুলোও আপনার সন্তান গণিত এবং ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টসে কতটুকু অগ্রগতি অর্জন করেছে তা নির্ণয়ের আর একটি উপায়। এগুলো শিক্ষার্থীর পাশাপাশি, শিক্ষক এবং স্কুলের জন্যেও গুরুত্বপূর্ণ কারণ তারা সকল শিক্ষার্থীকে সহায়তা প্রদানের লক্ষ্যে এই ফলাফল ব্যবহার করে শিক্ষাদানের উন্নতি ঘটায়। সেট টেস্ট সম্পর্কে আপনার যা জানা প্রয়োজন সেগুলি এখানে দেয়া হলো: পরবর্তী গ্রেডে যাওয়া এবং অন্য স্কুলে ভর্তি শুধুমাত্র সেট টেস্টের উপর ভিত্তি করে হয় না। স্কুল স্টাফ এবং পিতামাতারা তাদের স্কুল সম্পর্কে সবচেয়ে ভাল জানে। আমরা তাদের এই জ্ঞানকে সম্মান দেই এবং তাদের স্কুলের সামগ্রিক উন্নতি এবং সকল শিক্ষার্থীর ফলাফল আরো ভাল করতে, স্কুল কমিউনিটিকে একযোগে কাজ করে পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন করার সুযোগ দিচ্ছি।

### গুরুত্বপূর্ণ পরিবর্তনগুলো

পিতামাতা এবং শিক্ষকদের উদ্বেগ নিরসনে, গত বছর সেট টেস্ট, পরীক্ষা গ্রহণে এই পরিবর্তনগুলো প্রণয়ন করেছে যেগুলো এই বছরও কার্যকর থাকবেঃ

- প্রশ্নের সংখ্যা কম হবে
- যতক্ষণ তারা ফলপ্রসুভাবে পরীক্ষা দিয়ে যাবে ততক্ষণ পর্যন্ত শিক্ষার্থীদের কোন সময় সীমা নেই - এতে করে শিক্ষার্থীদের উপর চাপ কমে যায় এবং তাদেরকে নিজস্ব গতিতে কাজ করে যাবার সুযোগ করে দেয়।
- এই পরীক্ষা প্রস্তুতিতে শিক্ষকদের জোরালো ভূমিকা আছে, এবং পরীক্ষার ফলাফল শিক্ষকদের মূল্যায়ন প্রভাবিত করে না। NYC শিক্ষকেরা ক্লাসরুমে থাকে উন্নত পাঠ্যক্রম অনুযায়ী শিক্ষা প্রদানের জন্যে, পরীক্ষা প্রশ্ন অনুযায়ী পড়ানোর জন্যে নয়!

### পরামর্শ

- পরীক্ষার আগের দিন রাতের বেলা, আপনার সন্তানকে অতিরিক্ত পড়বার চেষ্টা করবেন না
- একটি পছন্দের খাবার উপভোগ করুন এবং আপনারা একসাথে একটি নিরুদ্বেগ বিকেল উপভোগ করুন
- আপনার সন্তানের যেন ভালো ঘুম হয় সেটা নিশ্চিত করুন; বিশ্রামের প্রয়োজন আছে
- সকালে, আপনার সন্তানকে বাড়িতে বা স্কুলে, নাশতা খেতে উৎসাহিত করুন
- আপনার সন্তানকে মনে করিয়ে দিন যে প্রত্যেকেই একটা সময় চাপের মধ্যে পড়ে, এবং কোনো কোনো চাপ কাজ সম্পন্ন করার জন্য সহায়ক হতে পারে
- আপনার সন্তানকে বলুন যে তার সামর্থ্যের উপর আপনার আস্থা আছে



Department of  
Education

T&I-29297 (Bengali/Bangla)

[schools.nyc.gov/testing](https://schools.nyc.gov/testing)